

অসোদশ দৃশ্য

১৮৬০ খৃষ্টাব্দের জুন মাস। কলিকাতায়
মধুসূদনের বাসায় ৬নং লোয়ার চিংপুর
রোডে একটি সুবিস্তৃত ঘর। ঘরের তিন
কোণে তিনটি টেবিল ও প্রত্যেক টেবিলের
সম্মুখে একটি করিয়া চেয়ার রহিয়াছে।
তাহা ছাড়া ঘরের আর একদিকে দুইটি
টেবিল ও খানকয়েক চেয়ার সোফা
প্রভৃতিও আছে। একটি বড় বুক-শেল্ফে
অনেকগুলি পুস্তক দেখা যাইতেছে।
একটি টেবিলের নিকট মধুসূদন আরাম
কেদারায় বসিয়া আছেন এবং নিবিষ্টচিত্তে
একখানি বই পড়িতেছেন। তাহার পরি-
ধানে টিলা পায়জামা এবং গায়েও আঙ্গির
টিলাহাতা একটা বৃষ্টিদেওয়া পঞ্জাবী। হস্তে
জ্বলন্ত সিগারেট। টেবিলে মদের বোতল
ও গ্লাস রহিয়াছে। কিছুক্ষণ মনে মনে
পাঠ করিয়া তাহার পর তিনি জোরে
আবৃত্তি করিতে লাগিলেন।

The infernal serpent, he it was whose guile,
Stirred up with envy and revenge, deceived
The mother of mankind, what time his pride
Had cast him out from Heaven, with all
his host

Of rebel Angels, by whose aid, aspiring
 To set himself in Glory above his peers,
 He trusted to have equalled the most High
 If he opposed and with ambitious aim
 Against the throne and monarch of God
 Raised impious war in Heaven and battle proud
 With vain attempt—

(নেপথ্যে) মধু, বাড়ী আছে ?

মধু । (বই বন্ধ করিয়া) আছি—এসো—গৌর নাকি ?

গৌর আসিয়া প্রবেশ করিল

এস, এস—এলে কবে ! তোমার যে পাত্তাই নেই আজকাল, হে
 ডেপুটিম্যাজিষ্ট্রেটকুলতিলক ! তার পর খবর কি ? তিলোত্তমাসম্ভব
 পেয়েছ ?

গৌর । (উপবেশনান্তে) পেয়েছি—তার সমালোচনাও পড়েছি,
 I congratulate you. রাজনারায়ণ, রাজেন, even old fashion-
 ed দ্বারকানাথ বিদ্যাভূষণ of 'নোমপ্রকাশ' has praised you !
 You have worked wonders my friend.—তারপর খবর কি
 তোমার ?

মধু । খবর ? খবর ভালই । (হাসিয়া) অর্থাভাব ছাড়া আর কোন
 অভাব নেই ।

গৌরদাস । অর্থাভাব ? কেন ? আদালতে চাকরি করছ—বই
 লিখেও কিছু পাচ্ছ—*you should not be in want.*

মধু । বই লিখে আর কত পেয়েছি !

গৌরদাস । পাওনি কি রকম ! রত্নাবলীর অনুবাদ, শর্মিষ্ঠা,
 পদ্মাবতী, একেই কি বলে সভ্যতা, বুড়ো শালিকের ঘাড়ে রোঁ,

তিলোত্তমা—*you have flooded our literature*—আর প্রত্যেক বইখানাতেই তুমি বেশ টাকা পেয়েছ। বড় রাজা, ছোট রাজা, যতীন্দ্রমোহন ঠাকুর—সবাই ত যথেষ্ট দিয়েছেন তোমাকে !

মধু। *And I am grateful to them!*—কিন্তু ওই কটা টাকাতে আমার কি হবে বল দেখি ! বৈশ্বানর কখনও এক আধ চামচে ঘি পেয়ে সন্তুষ্ট থাকতে পারেন ! আমি দাউ দাউ করে জ্বলতে চাই ! রাশি রাশি টাকা মুটো মুটো খরচ করতে চাই ! *I thrive in luxury, you know—it is a necessity for me and my imagination. I hate—I simply hate to live in close atmosphere. It suffocates me!* এই কটা টাকাতে কোনক্রমে খাওয়া পরা চলতে পারে বটে, কিন্তু আমি কোনক্রমে চলাতে সন্তুষ্ট থাকতে পারি না। *I want to soar—I mean, materially too!* I am thinking of going to England and becoming a Barrister. I must have more money.

গৌর। তোমার জ্ঞাতীদের হাত থেকে বিষয়-সম্পত্তি ত উদ্ধার হয়েছে—নয় ?

মধু। প্রায়—*P and B seem to be yielding—the rascals!*

গৌর। তবু তোমার কুলুচ্ছে না ?

মধু। *My dear G, D. Bysack, you illustrious deputy magistrate, you ought to know that a few hundred rupees per month are too inadequate for the poet of তিলোত্তমাসম্ভব।* তৃতীয় সর্গ মনে আছে।

আবৃত্তি করিতে লাগিলেন

এড়াইয়া কাঞ্চন তোরণ

হিরণ্ময়, মৃদুগতি চলিলা সকলে ;
 পদ্মাসনে, পদ্মযোনি বিরাজেন যথা
 পিতামহ । সুপ্রশস্ত স্বৰ্ণপথ দিয়া
 চলিলা দিক্‌পাল দল পরম হরষে !
 দুই পাশে শোভে হৈম তরুরাজি, তাহে
 মরকতময় পাতা, ফুল—রত্নমালা,
 ফল হয় কেমনে বাণব ফলচ্ছটা ?

স্তিলোত্তমাসম্ভবখানা শেল্ফ্ হইতে পাড়িয়া
 লইয়া

My imagination revels in descriptions like these.

পড়িতে লাগিলেন

ফুলবনে প্রবেশিয়া, কেহ
 তুলিলা স্বৰ্ণ-ফুল ; কেহ ক্ষুধাতুর,
 পাড়িয়া অমৃত-ফল ক্ষুধা নিবারিলা ;
 সঙ্গীততরঙ্গে কেহ, কেহ রঙ্গে ঢালি
 মন—হৈম তরুমূলে নাচিলা কৌতুকে ।
 এইরূপে দেবগণ ভ্রমিতে ভ্রমিতে
 উতরিলা বিরিকির মন্দির সমীপে
 স্বৰ্ণময়, হীরকের স্তম্ভ সারি সারি
 শোভিছে সম্মুখে, দেব-চক্ষু যার আভা
 ক্ষণ সহিতে অক্ষম !—

(বই রাখিয়া দিয়া) No, my dear, I cannot remain within a few hundreds.

গৌর । (হাসিয়া) ওটা পড়ছিলে কি বই ? (টেবিল হইতে দুইটি বই তুলিয়া) এটা ত দেখছি 'হোমার', এখানা 'টাসো'—
ওটা কি !

মধু । Paradise Lost.

গৌর । নতুন কিছু শুরু করেছ না কি ?

মধু । শুরু করেছি, মানে ? তিনখানা একসঙ্গে শুরু করেছি !
ব্রজাঙ্গনা কাব্য, কৃষ্ণকুমারী নাটক—মেঘনাদবধও শুরু করেছি কাল
থেকে ।

গৌর । (সাস্চয্যে) একসঙ্গে তিনখানা ! বল কি হে !

মধুসূদন প্রাসে মদ ঢালিতে লাগিলেন ।
মুখে স্মিতহাস্ত ।

মধু । চলবে না কি !

গৌর । না, থাক ।

মধু । (হাসিয়া) নতুন গৃহিণীটি কিছু কড়া নাকি !

গৌর । না, সেজন্তে নয় ।

মধু । একটা গুজব শুনছি প্যারীচরণ সরকার নাকি 'স্বরাপান
নিবারণী' সভা করবে ! সেই দলে ভিড়েছ নাকি ! আচ্ছা, দেবেন
ঠাকুর যে কেশব সেন আর কাকে নিয়ে সিংহলে গেছিলেন—ফিরেছেন
কি ? I have a desire to see Ceylon. And I shall
one day.

গৌর । টেবিলের ওপর চিঠিখানা কার হে !

মধু । রাজনারাণের, পদ্মাবতী পড়ে কি লিখেছে দেখ না—

গৌর হাত বাড়াইয়া পত্রখানি লইলেন ও
পড়িলেন